ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
টেলিকম শাখা

বিষয়: **বিষয়: 'মোবাইল অপারেটরদের সহযোগিতায় বিনামূল্যে সরকারি তথ্য (Govt. Info) এসএমএস প্রেরণ সংক্রান্ত নির্দেশিকা-২০২৪' যথাযথভাবে অনুসরণ প্রসঙ্গে।**

সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং-১৪.০০.০০০০.০১০.২৩.০০১.১৭.১০৫১; তারিখ: ০৬/০২/২০২৪খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনসচেতনতা বৃদ্ধি/শিক্ষামূলক/সেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে রাষ্ট্রের সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থার পত্রের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিভিন্ন তথ্য জনগণের নিকট মোবাইল অপারেটর এর সহযোগিতায় বিনামূল্যে 'Govt. Info' মাস্কিং এর মাধ্যমে প্রেরণ করা হয়।

০২। মোবাইল নেটওয়ার্ক ব্যবহার করে বিনামূল্যে জনগুরুত্বপূর্ণ এই সেবাটি সকল গ্রাহকের কাছে পৌঁছানোর লক্ষ্যে সূত্রোক্ত স্মারকে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক 'মোবাইল অপারেটরদের সহযোগিতায় বিনামূল্যে সরকারি তথ্য (Govt. Info) এসএমএস প্রেরণ সংক্রান্ত নির্দেশিকা-২০২৪' জারি করা হয় **(কপি সংযুক্ত)।**

০৩। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, গত ০৬ ফেব্রুয়ারি ২০২৪খ্রি. তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক জারিকৃত 'মোবাইল অপারেটরদের সহযোগিতায় বিনামূল্যে সরকারি তথ্য (Govt. Info) এসএমএস প্রেরণ সংক্রান্ত নির্দেশিকা-২০২৪' যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না।

০৪। বর্ণিতাবস্থায়, 'মোবাইল অপারেটরদের সহযোগিতায় বিনামূল্যে সরকারি তথ্য (Govt. Info) এসএমএস প্রেরণ সংক্রান্ত নির্দেশিকা-২০২৪' ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইটে আপলোড এবং স্থায়ীভাবে দৃশ্যমান রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: নির্দেশিকা।

২৭-১০-২০২৪
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব
০২২২৩৩৫৪৪৪৮
telecom1@ptd.gov.bd

প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

**ইউ.ও.নোট নম্বর:** ১৪.০০.০০০০.০১০.২৩.০০১.১৭.১৯০৬

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**সকল সংযুক্তিসমূহ:**

(১) নির্দেশিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
টেলিকম শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০১০.২৩.০০১.১৭.১০৫১ তারিখ: ২৩ মাঘ ১৪৩০
০৬ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: **মোবাইল অপারেটরদের সহযোগিতায় বিনামূল্যে সরকারি তথ্য (Govt. Info) এসএমএস প্রেরণ সংক্রান্ত নির্দেশিকা-২০২৪।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে "মোবাইল অপারেটরদের সহযোগিতায় বিনামূল্যে সরকারি তথ্য (Govt. Info) এসএমএস প্রেরণ নির্দেশিকা-২০২৪" শীর্ষক নির্দেশিকাটি নিম্নরূপভাবে নির্দেশক্রমে জারি করা হলো।

## মোবাইল অপারেটরদের সহযোগিতায় বিনামূল্যে সরকারি তথ্য (Govt. Info) এসএমএস প্রেরণ সংক্রান্ত নির্দেশিকা-২০২৪

### ১. ভূমিকা

জনসচেতনতা বৃদ্ধি/শিক্ষামূলক/সেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে রাষ্ট্রের সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থার পত্রের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিভিন্ন তথ্য জনগণের নিকট মোবাইল অপারেটর এর সহযোগিতায় বিনামূল্যে 'Govt. Info' মাস্কিং এর মাধ্যমে প্রেরণ করা হয়। মোবাইল নেটওয়ার্ক ব্যবহার করে বিনামূল্যে জনগুরুত্বপূর্ণ এই সেবাটি সকল গ্রাহকের কাছে পৌঁছানোর ক্ষেত্রে বর্তমান সক্ষমতা বিবেচনায় একদিনে আনুমানিক সর্বোচ্চ ২ কোটি এসএমএস জনগণের নিকট পৌঁছানো সম্ভব। দুই বা ততোধিক এসএমএস প্রচারের ক্ষেত্রে একদিনে সর্বোচ্চ এসএমএস প্রচারের লিমিট সমানুপাতিক হারে ভাগ হয়ে যায়। তাই জনগুরুত্বপূর্ণ এই সেবাটির যথোপযোগী ব্যবহার নিশ্চিত করার জন্য এই নির্দেশিকাটি বাস্তবায়ন করা জরুরি।

### ২. উদ্দেশ্য

সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানের জনসচেতনতামূলক/জনগুরুত্বপূর্ণ/জরুরি ও প্রাকৃতিক দুর্যোগ সংশ্লিষ্ট এসএমএস কনটেন্ট মোবাইল অপারেটরদের সহযোগিতায় বিনামূল্যে দেশের জনগোষ্ঠীর কাছে প্রেরণ করা।

### ৩। সরকারি তথ্য ('Govt. Info') এসএমএস প্রেরণ সংক্রান্ত নির্দেশনাবলী

৩.১। 'Govt. Info'মাস্কিং এ কেবল সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থার এসএমএসসমূহ প্রচার করা হবে।

৩.২। এসএমএস প্রেরণকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিতব্য এসএমএস এর কনটেন্ট ও এসএমএস প্রচারের তারিখ উল্লেখ করে প্রেরণকারী প্রতিষ্ঠানের স্ব স্ব প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাধ্যমে বিটিআরসিতে

পত্র প্রেরণ করতে হবে।

৩.৩। এসএমএস এর কনটেন্ট অবশ্যই বাংলায় এবং ২০০ ক্যারেক্টার (স্পেসসহ) এর মধ্যে থাকতে হবে। উল্লেখ্য, কেবল ওয়েবসাইট এর লিংক, ই-মেইল এড্রেস, Patented/trademark কৃত শব্দ এবং কোন scientific formula বা equation ইংরেজিতে দেয়া যাবে।

৩.৪। এসএমএস প্রেরণ সংক্রান্ত পত্র এসএমএস প্রচারের জন্য নির্ধারিত তারিখের ০৭ (সাত) কার্যদিবস পূর্বে বিটিআরসিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩.৫। 'Govt. Info' মাস্কিং ব্যবহার করে দিনে সর্বোচ্চ ০২ (দুই)টি সংস্থা/প্রতিষ্ঠান এর এসএমএস প্রচার করা হবে। একটি সরকারি সংস্থা হতে মাসিক সর্বোচ্চ ০১ (এক) টি এসএমএস প্রচার করা হবে।

৩.৬। জাতীয় দিবস/জাতীয় অনুষ্ঠান/জাতীয় দুর্যোগ এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সম্বলিত শুভেচ্ছা বার্তা/ এসএমএস সর্বোচ্চ অগ্রাধিকার পাবে।

৩.৭। বিভিন্ন জাতীয় দিবস/উৎসব এর বিষয়ে শুধুমাত্র দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় এর এসএমএস প্রচার করা হবে। যেমন: ২৬শে মার্চ বা ১৬ই ডিসেম্বর এর এসএমএস প্রচারের ক্ষেত্রে কেবল মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর কনটেন্ট/টেক্সট প্রচার করা হবে।

৩.৮। একই তারিখে ০১ (এক) এর অধিক এসএমএস প্রচারের পত্র গৃহীত হলে সেক্ষেত্রে জনসচেতনতামূলক/ জনগুরুত্বপূর্ণ এসএমএস অগ্রাধিকার পাবে।

৩.৯। নিয়োগ বিজ্ঞপ্তি/ভর্তি বিজ্ঞপ্তি সম্পর্কিত কোন এসএমএস প্রচার করা হবে না।

৩.১০। এসএমএস প্রেরণের ক্ষেত্রে সুনির্দিষ্ট অডিয়েন্স/গ্রুপ/এলাকা উল্লেখপূর্বক আবেদন করাকে উৎসাহিত করা হচ্ছে।

৩.১১। দলীয় নির্বাচনী প্রচার সংক্রান্ত বিষয়ে এই এসএমএস সেবা ব্যবহার করা যাবে না।

৩.১২। এসএমএস প্রদানকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উচ্চপদস্থ কর্মকর্তার নিকট এসএমএস প্রাপ্তি নিশ্চিত করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উচ্চপদস্থ কর্মকর্তাগণের মোবাইল নম্বর অপারেটর অনুযায়ী এক্সেল ফরমেট বিটিআরসি-তে প্রেরণ করতে হবে।

৩.১৩। অবিলম্বে এটি কার্যকর হবে।

৬-২-২০২৪
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৪৪৪৮
ফ্যাক্স: ০২ ৯৫১৫৫৯৯
ইমেইল: telecom1@ptd.gov.bd

বিতরণ : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ

সচিবালয়, ঢাকা।
৪) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৬) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭) সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলানগর, ঢাকা।
৮) সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৯) সিনিয়র  সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩) সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) সচিব, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
১৫) রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির সামরিক সচিবের দপ্তর, আপন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
১৬) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৮) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০) সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী ঢাকা
২১) সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২৫) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,

ঢাকা।
২৭) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২৮) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২৯) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩০) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪) সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮) সচিব , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৪) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৫) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪৭) সচিব , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪৮) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪৯) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫০) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫২) সচিব , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন ঢাকা।

৫৩) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, এলিফ্যান্ট রোড, ঢাকা।

৫৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫৫) সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়, রেলপথ ভবন, ঢাকা।

৫৬) সচিব , বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।

৫৭) সচিব (রুটিন দায়িত্ব), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।